



[ধারা ৪ এর (১) নং উপ- ধারা দ্রষ্টব্য]
এল এ নং কেস নম্বর- ০৫/২০২০-২১ (সা:)

জারির নম্বর : ০৯

তারিখ: ০৫/০২/২০২১

নোটিশ

প্রাপক : (নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)

- ১) জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা
- ২) উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
- ৩) সহকারী কমিশনার (ভূমি), সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
- ৪) সাব-রেজিস্ট্রার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
- ৫) চেয়ারম্যান, ভোমরা ইউনিয়ন পরিষদ, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
- ৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা
- ৮) বি.এস. নবাতকাটি মৌজা জে,এল নম্বর : ২৫

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি “সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন গুরুত্বপূর্ণ মহাসড়কের পণ্য পরিবহনের সম্মুখ স্থলে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের অধীনে আলীপুর- ভোমরা (এন-৭১৫) জাতীয় মহাসড়কের ৭ম কিলোমিটারে সড়কের ডানপার্শ্বে (ভোমরা স্থলবন্দর হতে সাতক্ষীরা অভিমুখে) ১ টি বি-ক্যাটাগরির এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র নির্মাণ প্রকল্প এর জন্য জনপ্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এক্ষনে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারি করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে, প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিদূর্কে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।

১৪/০১/২০২১ তারিখ হতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

তফসিল

জেলা: সাতক্ষীরা,

উপজেলা:- সাতক্ষীরা সদর,

মৌজা- নবাতকাটি,

জে,এল নম্বর : ২৫

ক্র: নং	খতিয়ান নং (বি. এস.)	দাগ নং (বি. এস.)	রেকর্ডীয় শ্রেণি	দাগের মোট জমি	অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমি	সম্পূর্ণ/ আংশিক	মন্তব্য
০১	২২১, ৪৫০	৬৫০	ডাংগা	০.৬৩০০	০.০৬০০	আংশিক	
০২	১৯৭	৬৫৫	বিলান	০.৩৬০০	০.০২০০	আংশিক	
০৩	৪৯৭, ৮৩৮	৬৫৬	বিলান	০.৩৬০০	০.২৫০০	আংশিক	
০৪	২৪০	৬৫৮	বিলান	০.০৮০০	০.০৭৫০	আংশিক	
০৫	৩৭৮	৬৫৯	বিলান	০.১১০০	০.০১০০	আংশিক	
০৬	৪৯৭	৬৬০	বিলান	০.১২০০	০.১২০০	সম্পূর্ণ	
০৭	১৬৪	৬৬১	বিলান	০.০৭০০	০.০৬৫০	আংশিক	
০৮	৩৪১	৬৬২	বিলান	০.০৮০০	০.০৭০০	আংশিক	
০৯	৪৮, ৭০, ১৮৯	৬৬৩	লায়েক পতিত	০.৭১০০	০.৫০০০	আংশিক	
১০	৩৭১, ৪৯৪	৬৬৪	বিলান	০.১২০০	০.১২০০	সম্পূর্ণ	
১১	৩৭১	৬৬৫	বিলান	০.০২০০	০.০২০০	সম্পূর্ণ	
১২	৮২৪	৬৬৬	বিলান	০.২২০০	০.২১৫০	আংশিক	
১৩	৪৬৪	৬৬৭	বিলান	০.২৪০০	০.১৮০০	আংশিক	
১৪	১/১	৬৬৮	বিলান	০.২১০০	০.০৬০০	আংশিক	
১৫	১৯৬, ৭২৬, ৮৪০	৬৬৯	লায়েক পতিত	০.৯৪০০	০.০১০০	আংশিক	
১৬	১৮৬	৭৪১	বিলান	০.৬০০০	০.০৩০০	আংশিক	
১৭	৬৫৬	৭৪২	বিলান	০.১৫০০	০.১০০০	আংশিক	
১৮	৬৫৫	৭৪৩	বিলান	০.১৩০০	০.১২০০	আংশিক	
১৯	১১২	৭৪৪	বিলান	০.৩০০০	০.৩০০০	সম্পূর্ণ	

(Signature)

২০	৬৫৫	৭৪৫	বিলান	০.১২০০	০.১২০০	সম্পূর্ণ
২১	৬৫৬	৭৪৬	বিলান	০.১৭০০	০.১৭০০	সম্পূর্ণ
২২	১৮৬	৭৪৭	বিলান	০.৭৬০০	০.৫৬০০	আংশিক
২৩	৩৫, ৪২৮, ৫১৪	৭৪৮	বিলান	১.১৮০০	০.৪৮০০	আংশিক
২৪	৫১৪	৭৪৯	বিলান	১.০৭০০	০.২৭০০	আংশিক
২৫	৪২৮	৭৫০	বিলান	১.০০০০	০.১৮০০	আংশিক
২৬	৫৬	৭৫১	বিলান	১.১১০০	০.০২০০	আংশিক
২৭	৬৫৯	৮১০	বিলান	০.২০০০	০.০২০০	আংশিক
২৮	৪০	৮১৩	বিলান	০.৩২০০	০.১১০০	আংশিক
২৯	১৪৪	৮১৪	বিলান	০.৬৩০০	০.৫২০০	আংশিক
৩০	৫৯০	৮১৫	বিলান	০.০৪০০	০.০৪০০	সম্পূর্ণ
৩১	৪৬৪	৮১৬	বিলান	০.১০০০	০.১০০০	সম্পূর্ণ
৩২	৩৭৫, ৪৭০	৮১৭	লায়েক পতিত	০.০৯০০	০.০৯০০	সম্পূর্ণ
৩৩	৫১৯	৮১৮	বিলান	০.০৩০০	০.০০৫০	আংশিক
৩৪	১/১	৮৪৭	নয়নজুলী	০.৩৪০০	১.৩২০০	সম্পূর্ণ
৩৫	১/১	৮৭০	নয়নজুলী	০.৭৯০০	০.৩৬০০	আংশিক
				সর্বমোট	৬.৬৯০০ একর	

অধিগ্রহণকৃত জমির মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য:

- উল্লিখিত জমির ভূমি বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ভিডিও/ সরেজমিনে তদন্ত করে মালিকানা/দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূল কপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুত পূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/ নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণ পূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/ মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।
- অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণি পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।
- সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতা প্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.satkhira.gov.bd এর রাজস্ব বাতায়ন ভিজিট করুন।

জেলা প্রশাসক, সাতক্ষীরা
এর পক্ষে


ইন্দ্রজিত সাহা

ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
সাতক্ষীরা